গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা।
www.shyamnagar.satkhira.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৮৭৮৬.০০০.১০.০২১.২৬-১২০৬

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার (Enumerator) নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি।**

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" অনুসারে দেশব্যাপী আগামী ১লা আগস্ট হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারী কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এ লক্ষ্যে শ্যামনগর উপজেলায় তথ্য সংগ্রহের জন্য Enumerator বা জরিপকারী নিয়োজিত করা হবে। উক্ত শুমারি কার্যক্রমে অস্থায়ীভাবে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে যুক্ত হতে আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্রম | কাজের ধরণ | অগ্রাধিকারমূলক বৈশিষ্ট্য | আবেদনের যোগ্যতা | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | Enumerator বা জরিপকারী | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক/তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান<br>খ) বয়স: ১৮-৪০ বছর<br>গ) ট্যাবলেট/ স্মার্ট ফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকার ভৌগলিক অবস্থা সম্পর্কে বাস্তবিক জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম ও দুর্গম চর এলাকায় কাজ করতে সম্মত | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/ আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয়পত্র<br>খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| ০২ | সুপারভাইজার (প্রতি ০৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১ জন) | ক) প্রতিটি গণনা এলাকা শারিরীকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান<br>খ) বয়স: ২৫-৪৫ বছর<br>গ)ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০%+<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগালিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/ আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয়পত্র<br>খ) ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

০২। **আবেদন ফরম প্রাপ্তির ও দাখিলের স্থান:** উপজেলা সমাজসেবা কার্যালয়, শ্যামনগর, সাতক্ষীরা হতে সরাসরি অথবা উপজেলা সমাজসেবা অফিসের www .dss.shyamnagar.satkhira.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে; এবং পরীক্ষায় অংশগ্রহনের সময় **প্রয়োজনীয় কাগজপত্র** ও **আবেদন ফর্ম** পূরণ পূর্বক জমা দিতে হবে। ব্যবহারিক পরীক্ষার সময় সম্ভাব্য **২৫/০৭/২০২৬ তারিখ বেলা ১০ ঘটিকা।**

৩। **পরীক্ষায় অংশগ্রহনের আগ্রহী হলে (২৪/০৭/২০২৬ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার পূর্বে) Google Form বাধ্যতামূলক পূরণ করতে হবে।**

গুগল ফর্ম লিংক পেতে QR code স্কান করুন

শামসুজ্জাহান কনক
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
শ্যামনগর, সাতক্ষীরা।
E-mail: unoshyamnagar@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.১২.২৯৮৪.০০১.০০.০০৬.২৬-৬৯৮ | তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-১০৮, শ্যামনগর-০৪, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।

০২। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।

০৩। পরিচালক, (সামাজিক নিরাপত্তা অধিশাখা) সমাজসেবা অধিদপ্তর, আগারগাও, ঢাকা।

০৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা।

০৫। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

০৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সাতক্ষীরা।

০৭। সভাপতি/সাধারণ সম্পাদক, (সকল প্রেস ক্লাব) শ্যামনগর, সাতক্ষীরা [প্রচারের অনুরোধ সহ]

০৮। অফিস কপি।

এস,এম, দেলোয়ার হোসেন
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন: ০১৮২৮২৮৬৮১৪